

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৯৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আংটির বর্ণনা

আরবী

وَعَن ابنِ الزبيرِ: أَنَّ مَوْلَاةً لَهُمْ ذَهَبَتْ بِابْنَةِ الزُّبَيْرِ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ وَفِي رِجْلِهَا أَجْرَاسٌ فَقَطَعَهَا عمر وَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَعَ كُلِّ جَرَسِ شَيْطَانٌ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৩৯৮-[১৬] ইবনুয্ যুবায়র(রাঃ) হতে বর্ণিত। একদিন তাদের আযাদকৃত এক দাসী যুবায়রের একটি কন্যাকে নিয়ে 'উমার ইবনুল খত্ত্বাব-এর নিকট গেল। সে সময় মেয়েটির পায়ে ঝুমঝুমি বাঁধা ছিল। তখন 'উমার (রাঃ) ঝুমঝুমটি কেটে ফেললেন এবং বললেনঃ আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, প্রত্যেক বাজনার সাথে শয়তান থাকে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৪২৩০, য'ঈফ আল জামি'উস্ সগীর ১৯৮০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "মাওলাতুন লাহুম", যার পরিচয় জানা যায় না আর আমির ইবনু 'আবদুল্লাহ ইবনু খুবায়র 'উমার -এর যুগ পাননি। বিস্তারিত দেখুন- 'আওনুল মা'বুদ ১১/১৯৭ পৃঃ, হাঃ ৪২৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শক্রর মাঝে শক্রর অজান্তেই ঢুকে পড়া পছন্দ করেন যাতে হঠাৎ করে শক্রর অঞ্চলে প্রবেশ করতে পারেন। এর ফলে তিনি চতুপ্পদ প্রাণীর গলায় ঝুমঝুমি ঝুলানো অপছন্দ করতেন। এখানে ﴿﴿وَرَالَ مَا ঝুমঝুমি শব্দটি ব্যাপকতার জন্য ব্যবহৃত হয়েছে, অতএব ছোট বড় সব ধরনের ঝুমঝুমি চতুপ্পদ প্রাণীর কানে, গর্দানে কিংবা যেখানেই হোক না কেন, আর ঝুমঝুমি পিতল, লোহা, স্বর্ণ কিংবা রৌপ্য যে বস্তু থেকে তৈরি হোক না কেন সর্বক্ষেত্রেই তা নিষিদ্ধ। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪২২৬)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন